

যুগান্তর

প্রিন্ট: ০৩ সেপ্টেম্বর ২০২৫, ০১:৩৪ পিএম

শিক্ষান্তর

ডাকসু নির্বাচন ৯ তারিখেই হবে কি না, জানা যাবে আজ



যুগান্তর ডেক্স

প্রকাশ: ০৩ সেপ্টেম্বর ২০২৫, ১১:০৯ এএম



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) নির্বাচন নিয়ে তৈরি আইনি জটিলতার নিষ্পত্তিতে দেশের সর্বোচ্চ আদালতে চূড়ান্ত শুনানি অনুষ্ঠিত হবে আজ। হাইকোর্টে দেওয়া নির্বাচন স্থগিতাদেশ আপিল বিভাগে চ্যালেঞ্জ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বুধবার (৩ সেপ্টেম্বর) নিয়মিত বেঞ্চে সেই আপিলের শুনানি অনুষ্ঠিত হবে। এদিন জানা যাবে, ডাকসু নির্বাচন ৯ তারিখেই হবে কি না।

মঙ্গলবার (২ সেপ্টেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচন স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশ স্থগিতের মেয়াদ বাড়িয়ে আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে আজ শুনানির জন্য নির্ধারণ করেন আপিল বিভাগের চেম্বার বিচারপতি ফারাহ মাহবুব।

এর আগে, ডাকসু প্রার্থী বি এম ফাহমিদার শিবির সমর্থিত প্যানেলের জিএস প্রার্থী এস এম ফরহাদের প্রার্থীতা নিয়ে এক রিটের প্রেক্ষিতে নির্বাচন ৩০ অক্টোবর পর্যন্ত স্থগিত করেন হাইকোর্ট। এদিনই হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আইনজীবী হাতে লিখে চেম্বার আদালতে আবেদন করেন। এর পরিপ্রেক্ষিতে চেম্বার আদালত হাইকোর্টের আদেশ স্থগিত করেন। ফলে ডাকসু নির্বাচন আয়োজনে বাধা কাটে।

পরবর্তীতে, হাইকোর্টের আদেশের বিরুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষে সিভিল মিসলেনিয়াস পিটিশনটি মঙ্গলবার আদালতে দাখিল করা হয়। এরপর হাইকোর্টের আদেশের উপর স্থগিতাদেশের মেয়াদ বাড়িয়ে আজ বুধবার আপিল বিভাগের নিয়মিত বেঞ্চে শুনানির জন্য নির্ধারণ করা হয়।

গত ২৮ আগস্ট ডাকসু নির্বাচনে এস এম ফরহাদের প্রার্থীতা চ্যালেঞ্জ করে অপরাজেয় ৭১', 'অদম্য ২৪' প্যানেলের বামজোট মনোনীত প্যানেলের মুক্তিযুক্ত ও গণতান্ত্রিক আন্দোলনবিষয়ক সম্পাদক প্রার্থী বি এম ফাহমিদা আলম হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিটেটি করেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আপিল গ্রহণযোগ্য হলে হাইকোর্টের স্থগিতাদেশ বাতিল হয়ে যেতে পারে, ফলে ৯ সেপ্টেম্বর নির্ধারিত সময়েই ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হবে। আর আপিল খারিজ হলে নির্বাচন স্থগিতই থাকবে।